

## চট্টগ্রাম ওয়াসা

### বিষয়ঃ পানি সরবরাহ বিঘ্ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম ওয়াসার সম্মানিত গ্রাহকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এবং ৩৪ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া কর্তৃক বাস্তবায়নাধীন “চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুনঃখনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় পাঁচলাইশ মোড় হতে চকবাজার মোড় পর্যন্ত সড়কে কাতালগঞ্জ নব পন্ডিত বৌদ্ধ বিহার সংলগ্ন খালের উপর কালভার্ট নির্মাণের স্বার্থে চট্টগ্রাম ওয়াসার ৩০০ এমএম (১২”) ব্যাসের AC সঞ্চালনী পাইপলাইন ও ১৮০ এমএম ব্যাসের HDPE বিতরণী পাইপলাইন স্থানান্তর কাজ সম্পাদন করা হবে। তৎপ্রেক্ষিতে আগামি ১৬/০২/২০২৬ তারিখ সকাল ০৯:০০ টা হতে ১৭/০২/২০২৬ তারিখ সকাল ০৯:০০ টা পর্যন্ত চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল ও তৎসংলগ্ন এলাকা, পাঁচলাইশ আবাসিক এলাকা, কাতালগঞ্জ আবাসিক এলাকা, চকবাজার ও তৎসংলগ্ন এলাকা, বহদ্রাহাট (একাংশ), মুরাদপুর ও তৎসংলগ্ন এলাকাসমূহে পানি সরবরাহে বিঘ্ন সৃষ্টি হবে। গ্রাহকগণকে প্রয়োজনীয় পানি সংগ্রহ করে রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। উপরোক্ত কারণে সৃষ্ট সাময়িক অসুবিধার জন্য চট্টগ্রাম ওয়াসা কর্তৃপক্ষ সম্মানিত গ্রাহকদের কাছে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।

কর্তৃপক্ষ  
চট্টগ্রাম ওয়াসা